

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ব্রাহ্মণবাড়িয়া  
ওয়েব সাইটঃ [www.brahmanbariatsc.gov.bd](http://www.brahmanbariatsc.gov.bd)

স্মারক নং টিএসসি/ ব্রাহ্মণ /


তারিখঃ

নিলাম বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এ পাঁচতলা নতুন ভবন নির্মানের স্থলে বিদ্যমান চিহ্নিত ৫৯টি গাছ পালা নিলামে বিক্রয় করার নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

নিলামের শর্তসমূহঃ

- ০১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিয়া পরিদর্শন পূর্বক চিহ্নিত ৫৯ টি গাছের বর্তমান অবস্থা যাচাই করিয়া নিবেন, পরবর্তীতে এই বিষয়ে কোন ওয়র আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
- ০২। প্রত্যেক দরদাতাকে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর / মোবাইল নম্বরসহ প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে 'গাছের নিলাম' লিখিয়া দাখিল করিতে হইবে।
- ০৩। দরপত্র বিক্রির শেষ সময় ১৪/১১/২০২১ খ্রি. তারিখ দুপুর ০২.০০ ঘটিকা এবং দরপত্র ১৭/১১/২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ এর কার্যালয়ে রক্ষিত বক্সে জমা দিতে হইবে।
- ০৪। দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স, VAT ও TIN এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ০৫। ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় দরদাতাদের সামনে ( যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্র খোলা হইবে।
- ০৬। দরদাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ০৭। দরপত্রের সহিত সিডিউল ক্রয়ের মূল রশিদ দাখিল করিতে হইবে।
- ০৮। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দরের ২৫ % টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।
- ০৯। উদ্ধৃত দর গৃহীত হইবার পর দরদাতাকে অনধিক ০৩ ( তিন ) কার্য দিবসের মধ্যে উদ্ধৃত মূল্যসহ বিধি মোতাবেক ভ্যাট ১৫ % পরিশোধ পূর্বক কার্যাদেশ গ্রহণ করিতে হইবে।
- ১০। কার্যাদেশ পাওয়ার ১৫ দিনের মধ্যে সকল গাছ অপসারণ করিয়া জায়গা পরিষ্কার করিতে হইবে।
- ১১। আশেপাশের কোন স্থাপনা, বিদ্যুৎ লাইন বা কোন গাছপালা ক্ষতিগ্রস্ত করা যাইবে না, করিলে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হইবে।
- ১২। প্রতিষ্ঠানের ক্লাস বা দাপ্তরিক কার্যক্রমের ব্যাঘাত না ঘটাইয়া গাছ পালা অপসারণ করিতে হইবে।
- ১৩। দরপত্রের মূল্য প্রতিটি ৫০০/- ( পাঁচশত ) টাকা মাত্র।
- ১৪। দরপত্র প্রাপ্তির স্থান অধ্যক্ষের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৫। চিহ্নিত গাছ পালা ব্যতিত অতিরিক্ত কোন গাছ পালা কর্তন করা যাইবে না।
- ১৬। রাত্ৰিকালীন কোন গাছ কর্তন করা যাইবে না।
- ১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপ্রস্তাব বা সকল দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
- ১৮। স্বাস্থ্য বিধান মানিয়া সকল কার্যক্রম সম্পন্ন করিতে হইবে এবং অন্যান্য সকল সরকারি বিধি বিধান প্রযোজ্য হইবে।
- ১৯। অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

  
(মোহাম্মদ সোলায়মান)

অধ্যক্ষ

ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ব্রাহ্মণবাড়িয়া।